আবারও ধর্ষণ ও মহিলাকে মারধরের অভিযোগ নাম সিভিক ভলেন্টিয়ারের

নিজস্ব প্রতিবেদন, মালদা: কলকাতার আরজিকর কাণ্ডের পর আবারও ধর্ষণ ও মহিলাকে মারধরের অভিযোগে নাম জড়াল মালদার আদিবাসী অধ্যুষিত হবিবপুর থানার এক সিভিক ভলেন্টিয়ারের। আর এই ঘটনাকে ঘিরেই সংশ্লিষ্ট থানার পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে মালদার পুলিশ সুপারের দ্বারস্থ হয়েছেন নির্যাতিতা ওই মহিলা। ঘটনাটি ঘটেছে হবিবপুর থানার কালিতলা এলাকায় । কালীপুজোর রাতের ঘটনা ঘটলেও পুলিশ ওই সিভিকের বিরুদ্ধে কোনরকম ব্যবস্থা নেয় নি বলে অভিযোগ। এরপরই সোমবার বিকেলে মালদার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদবের কাছেই অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার মনোজ মন্ডলের বিরুদ্ধে ধর্ষণ ও নির্যাতনের অভিযোগ দায়ের করেছেন ২৪ বছর বয়সী ওই গৃহবধূ। যদিও এই ঘটনার পর গা ঢাকা দিয়েছে অভিযুক্ত সিভিক

ভলেন্টিয়ার।

নির্যাতিতা ওই গৃহবধূর অভিযোগ, গত সপ্তাহের বৃহস্পতিবার কালীপুজোর রাতে বাড়িতে একাই ছিলেন তিনি। তার স্বামী বাইরে কাজ করেন। রাত সাড়ে ১০টা নাগাদ জোরপূর্বক বাড়িতে ঢুকে তাঁকে ধর্ষণ করে ওই সিভিক ভলেন্টিয়ার মনোজ মণ্ডল। ঘটনার সময় ওই গৃহবূর বাবা-মা আত্মীয়রা পাশের একটি পুজোয় ব্যস্ত ছিলেন। আশপাশের পুজো মণ্ডপের মাইকের আওয়াজের কারণে ওই গৃহবধূর প্রথমে চিৎকার শুনতে পাননি স্থানীয়রা। পরে ওই গৃহবধূর আর্ত চিৎকারে প্রতিবেশী এবং তাঁর বাবা-মা ছুটে এলে পালিয়ে যায় অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার। এমনকি পরে ওই সিভিক ভলেন্টিয়ারের বিরুদ্ধে এই ঘটনার প্রতিবাদ করায় তাঁর বৃদ্ধ বাবা-মা এবং তাঁকেও মারধর করা হয় বলে অভিযোগ। ঘটনার পরের দিন হবিবপুর থানায় লিখিত অভিযোগ জানাতে গেলে তাঁকে দীর্ঘক্ষণ থানায় বসিয়ে রাখা হয় বলে অভিযোগ। শেষমেশ অভিযোগ নিলেও অভিযুক্ত ওই সিভিকের বিরুদ্ধে কোনও ব্যবস্থাই গ্রহণ করেনি পুলিশ বলে অভিযোগ।

এই ঘটনায় হবিবপুর থানায় মনোজ মণ্ডলের বিরুদ্ধে ধর্ষণ ও এবং তারই আরও দুই আত্মীয় দিবাকর মণ্ডল এবং সুকুমার মণ্ডলের বিরুদ্ধে মারধর ও মামলা তুলে নেওয়ার জন্য হুমকির অভিযোগ দায়ের হয়েছে। এই ঘটনাকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। উত্তর মালদার বিজেপির সাংগঠনিক সভাপতি উজ্জ্বল দত্ত বলেন, 'সিভিক ভলেন্টিয়ার মানুষের কোথায় রক্ষা করবে, তা না করে ধর্ষণ করছে। পশ্চিমবঙ্গে এমন ঘটনা এখন লজ্জাজনক বিষয় হয়ে গিয়েছে। আর এইসব অভিযুক্তদের আড়াল করার চেষ্টা করছে প্রশাসন। তা হলে সাধারণ মানুষ যাবে কোথায়? পুলিশ কখনও নির্যাতিতার অভিযোগ নিতে চাইছে না। আবার কখনও অভিযুক্তদের ধরপাকড় করছে না। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।'

মালদা জেলা তৃণমূলের মুখপাত্র আশিস কুন্ডু বলেন, 'পুলিশের পক্ষ থেকে ওই সিভিকের বিরুদ্ধে ইতিমধ্যে তিনটি মামলা রুজু করে ঘটনা তদন্ত শুরু করা হয়েছে বলে জানতে পেরেছি। অভিযোগ প্রমাণিত হলে তার জন্য আইন রয়েছে। অবশ্যই আমরা চাই কঠোরতম শাস্তি হোক। কিন্তু বিজেপি পুলিশ ও প্রশাসনের কাজকে বিভ্রান্তি করে মানুষের কাছে তুলে ধরার চেষ্টা করছে। উত্তরপ্রদেশ, গুজরাটের একাধিক ধর্ষণের ঘটনা হয়তো ভুলে গিয়েছে ওরা। কাজেই বিজেপির নেতাদের মুখে এই ধরনের মন্তব্য শোভা পায় না।'

পুলিশ জানিয়েছে, অভিযোগের পরিপ্রেক্ষিতে পুরো ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে। ওই সিভিক ভলেন্টিয়ারের খোঁজ চালানো হচ্ছে।

তৃণমূলের ছাত্রনেতার কালীপুজোর শোভাযাত্রায় টাটাকে শ্রদ্ধায় ট্যাবলো

'পাপের প্রায়শ্চিত্ত', কটাক্ষ বিজেপির

নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ: রায়গঞ্জ শহরে সোমবার রাতে কালীপুজোর বিসর্জনে তৃণমূল কংগ্রেসের এক ছাত্রনেতার শোভাযাত্রায় স্থানীয় বিধায়কের (তৃণমূল কংগ্রেস) উপস্থিতিতেই রতন টাটাকে শ্রদ্ধা জানিয়ে ট্যাবলো বের করা হয়। এ নিয়ে শহরবাসীর পাশাপাশি রাজনৈতিক মহলেও চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। বিজেপির পক্ষ থেকে এই ঘটনাকে 'পাপের প্রায়শ্চিত্ত' বলে চিহ্নিত করা হয়েছে। শাসকদলের পক্ষ থেকে অবশ্য অন্য যুক্তি দেখানো হয়েছে।

রায়গঞ্জ শহরের মিলনপাড়া এলাকায় তৃণমূল ছাত্র পরিষদের জেলা সভাপতি রন্তু দাসের ক্লাবের কালীপূজো গত কয়েক বছর ধরেই বিগ বাজেটের করা হচ্ছে।স্থানীয় বিধায়ক কৃষ্ণ কল্যানীর অন্যতম

অনুগামী বলে এই ছাত্রনেতা জেলার রাজনৈতিক মহলে পরিচিত। সোমবার রাতে ওই ক্লাবের কালীপুজোর বিসর্জনের শোভাযাত্রা শহরজুড়ে পরিক্রমা করে। বিধায়ক থেকে শুরু করে পুরসভার প্রাক্তন চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান সেই শোভাযাত্রায় পা মেলান। শোভাযাত্রার শুরুতেই একটি গাড়িতে রতন টাটার বিশাল মাপের ছবি লাগিয়ে তাতে মালা পড়িয়ে শ্রদ্ধাঞ্জলি জানানো হয়। গোটা শহরজুড়েই শোভাযাত্রা দেখ তে জমায়েত হওয়া মানুষের কাছে এই ঘটনা বেশ অবাক করেছে।

বিজেপির জেলা সভাপতি বাসুদেব সরকার জানিয়েছেন, এ তো তৃণমূল কংগ্রেসের পাপের প্রায়শ্চিত্ত। শিল্পবিমুখ এই রাজ্যে টাটাগোষ্ঠী গাড়ির কারখানা তৈরি করার উদ্যোগ নিয়েছিল। তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো মমতা ব্যানার্জি সেদিন নিজের বিজ্ঞাপনের জন্য আন্দোলনের নামে নাটক করে টাটাগোষ্ঠীকে এই রাজ্য থেকে তাড়িয়ে ছেড়েছেন। এখন নাটক করে রতন টাটাকে শ্রদ্ধা জানানো হচ্ছে। এই নাটকে মানুষ ভুলছে না।

রায়গঞ্জের বিধায়ক কৃষ্ণ কল্যাণী জানিয়েছেন, 'রতন টাটা ভারতবর্ষের একজন প্রাউড পার্সোন্যালিটি। ওঁর চলে যাওয়াটা ভারতের কাছে বড় ক্রাইসিস। ওঁকে সারা দেশ ভালোবাসে, শ্রদ্ধা করে। সেইজন্য কালীপুজোর এই কার্নিভালে আমরা তাঁকে শ্রদ্ধা জানানোর সিদ্ধান্ত নিয়েছি। পর্যাপ্ত জমির জন্য গাড়ি কারখানা তৈরি করতে না পারলেও আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর সম্পর্কে চিড় ধরেনি।' উল্লেখ্য, পর্যাপ্ত জমি না পেয়ে সিঙুর থেকে টাটাগোষ্ঠী ন্যানো কারখানা সরিয়ে নিয়ে যাওয়ার পর থেকে তৃণমূল কংগ্রেস তথা রাজ্য সরকারের সঙ্গে টাটাগোষ্ঠী তথা রতন টাটার সম্পর্ক কার্যত তলানিতে ঠেকেছে। সম্প্রতি রতন টাটার মৃত্যু হয়েছে।

এল&টি ফাইনান্স লিমিটেড
(পূর্বে, এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড)
রেজিস্টার্ড অফিস: এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400 098
CIN No.: L67120MH2008PLC181833
ব্রাঞ্চ অফিস: কলকাতা

L&T Finance

বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002]-এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির অকশন করা হচ্ছে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় **''পাবলিক অকশন''** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম	সুরক্ষিত সম্পত্তির ঠিকানা	লোন অ্যাকাউন্ট নম্বর (গুলি)	দখল নেওয়া	আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়)	সর্বমোট বকেয়া আছে 08.07.2024 অনুসারে	রক্ষিত মূল্য (টাকায়)	ইনস্পেকশনের তারিখ	অকশনের তারিখ এবং সময়
1. মেসার্স মোহিত স্টিল কর্পোরেশন। (এটির মালিক জয় প্রকাশ কেডিয়ার মাধ্যমে) 2. জয় প্রকাশ কেডিয়া 3. সুলোচনা কেডিয়া	ফ্ল্যাট নং 1st-k যার পরিমাপ কম বেশি 1064 বর্গ ফুট সুপার বিল্ট আপ এরিয়া যা বিল্ডিংটির প্রথম তলায় অবস্থিত যা ব্লক নং II নামে পরিচিত, খতিয়ান নং. 2599 এবং 2600 এর অধীনে দাগ নং. 18089 এবং 18090 এর উপর নির্মিত মৌজা বালি J.I. নং. 14 দ্বারা সমন্বিত, বর্তমানে হোল্ডিং নং./ প্রেমিসেস নং. 322 হিসাবে পরিচিত, জি.টি. রোড, হাওড়া, উক্ত ফ্ল্যাটের জন্য উল্লিখিত জমিতে অবিভক্ত আনুপাতিক অংশের সাথে এবং উক্ত বিল্ডিংয়ের অবিভক্ত কমন এরিয়া বা অংশের সাথে এবং উক্ত ফ্ল্যাটের জন্য উক্ত জমিতে এবং অন্যান্য সমস্ত সহজবোধ্য অধিকার সুবিধা এবং সুযোগ-সুবিধা সহ একসাথে বালি পৌরসভার অধীনে অবস্থিত, থানা বালি, পোস্ট অফিস বেলুড়মঠ, জেলা হাওড়া সীমানা: পূর্ব — বাড়ি যা শৈলেন্দ্র মান্না দ্বারা দখলকৃত; পশ্চিম — জি.টি. রোড; উত্তর — পৌর ড্রেন; দক্ষিণ — বাড়ি নং 5/1, জি.টি. রোড, বেলুরমাঠ, হাওড়া, যা মেসার্স ইন্দো জাপান স্টিল লিমিটেড দ্বারা দখলকৃত।	H172992709210214 42 এবং H172992809210149 26	02/09/2024	টা. 3,27,499/-	টা. 49,68,108.62/-	টা. 32,74,992/-	পূর্বে নির্ধারিত অ্যাপোয়েনমেন্ট দ্বারা সমস্ত কর্মদিবসে সকাল 10.00টা থেকে বিকেল 5.30টে পর্যন্ত।	26.11.2024 মধ্যরাত 12.00টা থেকে দুপুর 2.00টো পর্যন্ত।

পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি

1. ই-অকশন সেল পরিচালিত হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা উক্ত ওয়েবসাইটের মাধ্যমে https://sarfaesi.E-auctiontiger.net - এ SARFAESI আইনের বিধানের অধীনে সাহায্যের সাথে এবং পাবলিক ই-অকশনের মোডে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় ।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10% পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **25/11/2024**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25% ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. ''এল&টি ফাইনান্স লিমিটেড''-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **26/11/2024**-তারিখের 18:00 ঘণ্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **27/11/2024**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল&টি ফাইনান্স লিমিটড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনুসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শনের জন্য বা আরও তথ্য জানার জন্য, সম্ভাব্য দরদাতা অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন যার **নাম - আশীষ সাহা, যোগাযোগ নং. 9800868054 এল&টি ফাইনান্স লিমিটেড, 15তম তলা, PS সৃজন টেক পার্ক, প্লট 52, ব্লক DN, সল্টলেক সেক্টর V, কলকাতা 700091, পশ্চিমবঙ্গ এবং সন্তোষ তিওয়ারি, যোগাযোগ নং. 992068054, এল&টি ফাইনান্স লিমিটেড, অফিস: 6ষ্ঠ তলা, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই - 400 098.** ই-অকশনের যে-কোনও স্তরে অনুমোদিত আধিকারিক নিলামটি বা অফার টি স্বীকার করতে বা প্রত্যাখান করতে বা সংশোধন করতে বা বাতিল করতে বা স্থগিত রাখতে পারেন ই-অকশন কোনও কারণ না দেখিয়ে এবং কোনও পূর্ব ঘোষণা ছাড়াই।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিষ্কৃত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স, যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল&টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাকতে বলা হচ্ছে বিক্রি, সেল, লীজ থেকে, অন্যথায় নোটিশ বা ঘোষণায় যে সুরক্ষিত সম্পত্তির উল্লেখ করা হয়েছে এল&টি ফাইনান্স লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যাতীত।

তারিখ: 06.11.2024
স্থান: কলকাতা

স্বাক্ষরিত
অনুমোদিত আধিকারিক
এল&টি ফাইনান্স লিমিটেড-এর তরফে

ইন্ডিয়ান বৈঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

শিমুরালি ব্রাঞ্চ
চাঁদুরিয়া পঞ্চায়েত রোড, গ্রাম - শিমুরালি
পো ঃ চাঁদুরিয়া, থানা - চাকদহ, জেলা - নদিয়া
পশ্চিমবঙ্গ, পিন - ৭৪১ ২৪৮

স্থাবর সম্পত্তি বিক্রয় নিমিত্ত বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট - IV-A [দ্রষ্টব্য সংস্থান রুল ৮(৬) এবং ৯(১)]

ই-নিলাম বিক্রয় নোটিশ স্থাবর সম্পদের জন্য ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্টর অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) এবং ৯(১) সংস্থান অধীনে

এতদ্বারা সাধারণকে সাধারণভাবে এবং ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণকে বিশেষভাবে অবগত করা হচ্ছে, নিম্নে বর্ণিত বন্ধকী/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি **ইন্ডিয়ান ব্যাঙ্ক (জামিন অধীনে ঋণদাতা)** নিকট যা নির্ধারিত ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক **প্রতীকী দখলীকৃত** বিক্রয় করা হবে **''যেখানে যেমন আছে'', ''যেখানে যা আছে'', এবং ''যেমন অবস্থায় আছে ভিত্তিতে'' ২৭.১১.২০২৪ তারিখে, ইন্ডিয়ান ব্যাঙ্ক, শিমুরালি শাখা (জামিন অধীনে ঋণদাতা) ৩২,১৪,৬৩১.১৫ টাকা (বত্রিশ লাখ চোদ্দ হাজার ছশো একত্রিশ টাকা এবং পনের পয়সা)** (বিবি + এমওআই = ২২,৭৩,৪৭২.১৫ টাকা + ৯,৪১, ১৫৯.০০ টাকা) **০৪.১১.২০২৪ অনুযায়ী** পরবর্তী সুদ, ব্যয়, অন্যান্য চার্জ এবং ব্যয় আদায়ের জন্য **ঋণগ্রহীতা মেসার্স অনন্যা (স্বত্বাধিকারী/ঋণগ্রহীতা)** শিঙ্গের হাট, প্রেমিসেস নং ১১১৭, ওয়ার্ড নং ৯, পো. এবং থানা - চাকদহ, জেলা - নদিয়া, পিন - ৭৪১২২২, পশ্চিমবঙ্গ -এর কাছ থেকে।

ই-নিলাম প্রক্রিয়া অধীনে বিক্রয় অধীন সম্পত্তির নিম্নোক্ত মতে নির্দিষ্ট বিস্তারিত :

ক্র. নং.	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিস্তারিত	জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া পরিমাণ	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ ঘ) সম্পত্তির আইডি ঙ) সম্পত্তির দায়বদ্ধতা চ) দখলের ধরন
১	ক) ১. ঋণগ্রহীতা : মেসার্স অনন্যা (স্বত্বাধিকারী/ঋণগ্রহীতা) সিংহেরহাট, প্রেমিসেস নং ১১১৭,ওয়ার্ড নং ৯, পো এবং থানা : চাকদহ, জেলা : নদিয়া,পিন : ৭৪১২২২,পশ্চিমবঙ্গ। ২) শ্রী পলাশ খান (স্বত্বাধিকারী) পিতা শ্রী অমল খান গ্রাম : রাজবাগান, ওয়ার্ড নং ২, পো এবং থানা :চাকদহ, জেলা : নদিয়া,পিন : ৭৪১২২২, পশ্চিমবঙ্গ। ৩) খুকু রানি খান (জামিনদাতা/বন্ধকদাতা) স্বামী : অমল খান, গ্রাম : রাজবাগান,ওয়ার্ড নং ২, পো এবং থানা :চাকদহ, জেলা : নদিয়া,পিন : ৭৪১২২২,পশ্চিমবঙ্গ। খ) সিমুরালি শাখা।	সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন অবস্থিত মৌজা : যশরা, জেএলনং ২৪, এলআর খতিয়ান নং ৮৭৮, ১৩০১/১, ১৬৪/১, ১৩৩১, আরএস দাগ নং ১২৭৫, ,এলআর দাগ নং ৬৬৯/১৭৬৮, জমির এরিয়া - ৯.০০ ডেসিমেল,হাল তৌজি নং ১২, পরগনা : আলমপুর, হোল্ডিং নং ১০৮৩, ওয়ার্ড নং ২, চাকদহ পুরসভা অধীন, পো এবং থানা: চাকদহ, জেলা : নদিয়া, পিন: ৭৪১২২২, বিক্রয় দলিল নং ১৭৩৩-২০০২সালের, বুক নং ১, ভল্যুম নং ২১, পৃষ্ঠা ১৯৫ থেকে ২০০, রেজিস্ট্রিকৃত এডিএসআর- চাকদহ, নদিয়া। **সম্পত্তি শ্রীমতি খুকুরানি খান,** স্বামী অমল খান এর নামে। **চৌহদ্দি :** উত্তরে: প্রাথমিক বিদ্যালয়,দক্ষিণে : সবুজ দেব এর ভবন, পূর্বে: অনন্ত ঠাকুরের ভবন,পশ্চিমে : ক্লাব এবং পুর সড়ক।	**৩২,১৪,৬৩১.১৫ টাকা (বত্রিশ লাখ চোদ্দ হাজার ছশো একত্রিশ টাকা এবং পনের পয়সা)** (বিবি + এমওআই = ২২,৭৩,৪৭২.১৫ টাকা + ৯,৪১,১৫৯.০০ টাকা) ০৪.১১.২০২৪ অনুযায়ী পরবর্তী সুদ, চার্জ এবং ব্যয় সহ	ক) **২৮,০০,০০০.০০ টাকা (*)** (আঠাশ লাখ টাকা) খ) **২,৮০,০০০.০০ টাকা** (দুই লাখ আশি হাজার টাকা) গ) **১০,০০০.০০ টাকা** (দশ হাজার টাকা) ঘ) **IDIB30221610955** ঙ) **ব্যাঙ্কের জানা নেই** চ) **প্রতীকী দখলীকৃত**

(*) সংরক্ষিত মূল্যের উপরে বিক্রয় মূল্য হতে হবে।

ই-নিলামের তারিখ এবং সময় : তারিখ : ২৭.১১.২০২৪, সময় - সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত
ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম https://www.ebkray.in

দরদাতাদের অনলাইন বিডে অংশ নিতে আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী পিএসবি অ্যালায়ান্স প্রা. লি.-এর ওয়েবসাইট **(https://www.ebkray.in)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে ফোন করুন **পিএসবি অ্যালায়ান্স প্রা. লি. হেল্প ডেস্ক নং ৮২৯১২২০২২০, ইমেল আইডি -support.ebkray@psballiance.com** এবং অন্যান্য সহায়তা নাম্বার পরিষেবা প্রদানকারীর হেল্প ডেস্কে উপলব্ধ। রেজিস্ট্রেশন স্ট্যাটাসের জন্য পিএসবি অ্যালায়ান্স প্রা. লি. এবং ইএমডি স্ট্যাটাসের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন **support.ebkray@psballiance.com**
সম্পত্তির বিশদ বিবরণ এবং সম্পত্তির ফটোগ্রাফ এবং নিলামের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন **https://www.ebkray.in** এই পোর্টাল সম্পর্কিত ব্যাখ্যার জন্য, অনুগ্রহ করে **পিএসবি অ্যালায়ান্স প্রা. লি. হেল্প ডেস্ক নম্বর** ৮২৯১২২০২২০ -এ যোগাযোগ করুন।
দরদাতাদের https://www.ebkray.in-এর সাথে ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য : সংশ্লিষ্ট এই নোটিশ ঋণগ্রহীতা(গণ)/বন্ধকদাতা(গণ)/জামিনদাতা(গণ)-এর উদ্দেশ্যেও

তারিখ- ০৪.১১.২০২৪/স্থান : শিমুরালি — অনুমোদিত অফিসার/ইন্ডিয়ান ব্যাঙ্ক

বৈঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র
জোনাল অফিস - কলকাতা
৩, এন.এস. রোড, ম্যাকলিওড হাউস ১ম ফ্লোর, কলকাতা - ৭০০০০১
টেলি.: ৯৯৮৭০৯৮৮০৩, ইমেল: dzmkolkata@mahabank.co.in, legal@mahabank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি (পরিশিষ্ট - IV-A)

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর সঙ্গে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮ (৬) এর অনুবিধির অধীনে স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ)/ এবং জামিনদার(গণ) কে নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি(গুলি) ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র এর কাছে বন্ধকীকৃত/চার্জ করা হয়েছে, যার দখল ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে, যা **২৬.১১.২০২৪** তারিখে বিক্রি করা হবে ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র এর বকেয়া পুনরুদ্ধারের জন্য **''যেখানে যেমন আছে'', ''যা আছে তা আছে''** এবং **''সেখানে যা কিছু আছে''** ভিত্তিতে নিচের টেবিলে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)এর থেকে। ঋণগ্রহীতা/গণ এবং জামিনদার/গণ এর বিবরণ, বকেয়া পরিমাণ, স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ এবং তার উপর জ্ঞাত দায়, দখলের ধরন, সংরক্ষিত মূল্য এবং বায়না অর্থ জমা নিম্নরূপ দেওয়া হল -

ক্র. নং.	ক) ঋণগ্রহীতার নাম খ) শাখা গ) জামিনদারের নাম	বকেয়া পরিমান	জ্ঞাত দায়বদ্ধতার সাথে স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	ক) দখলের ধরন খ) রিজার্ভ মূল্য / বায়না টাকা জমা
১.	ক) **মেসার্স ছায়া ছবি এন্টারপ্রাইজ** **স্বত্বাধিকারী:** শ্রী শঙ্কর সেবক মারিক খ) **শাখা:** খড়গপুর গ) উপলব্ধ নয়	**৭,৮০,৬৭২/- টাকা** (সাত লক্ষ আশি হাজার ছয়শো বাহাত্তর টাকা মাত্র) সহ ১৫.০৩.২০২৩ থেকে কার্য্যকর @ প্রযোজ্য হারে ভবিষ্যৎ সুদ।	সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ ০.০৪৮ হেক্টর এবং সিটিএস/সার্ভে নং প্লট নং ৫৩৮, জেএল নং ৩৪২, খতিয়ান নং ৮৪০ এবং তদস্থিত নির্মিত ভবন পরিমাণ ২৫৯ বর্গফুট (কার্পেট) তিন দোকান, গুদাম একতলায় অবস্থিত জেএল নং ৩৪২ এলআর খতিয়ান নং ৭৫৪/১ প্লট নং ৫৩৮, খেলার বনপাটনা খড়গপুর ,স্থানীয় পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ- ৭২১৩০১ অধীন।	ক) **গঠনমূলক** খ) **রিজার্ভ মূল্য:** ৫.৭৬ লক্ষ টাকা (পাঁচ লক্ষ ছিয়াত্তর হাজার টাকা মাত্র) **ইএমডি:** ০.৫৭ লক্ষ টাকা (সাতান্ন হাজার টাকা মাত্র)
২.	ক) **মেসার্স ঘোষ এন্টারপ্রাইজ** **স্বত্বাধিকারী:** শ্রী শ্রীকান্ত ঘোষ খ) **শাখা :** মূল শাখা ; বারুইপুই (এখন এআরবি -এর সঙ্গে) গ) উপলব্ধ নয়	**১,৯১,৯৪,৫৫৫/- টাকা** (এক কোটি একানব্বই লক্ষ চুরানব্বই হাজার পাঁচশো পঞ্চান্ন টাকা মাত্র) সহ ১০.০৭.২০২৩ থেকে প্রযোজ্য হার অনুযায়ী ভবিষ্যৎ সুদ।	সংশ্লিষ্ট সকল অংশ জমি অবস্থিত গ্রাম : সুভাষগ্রাম রেজিস্ট্রিকৃত জেলা : দক্ষিণ ২৪ পরগনা, সাব জেলা সোনারপুর, পরিমাণ ১৭৬৬ বর্গফুট এবং সিটিএস/সার্ভে নং ওয়ার্ড নং ১৯, হোল্ডিং নং ৫৬৭। মৌজা : বংশীধরপুর, জেএল নং ৩৪, তৌজি নং ১৮৬, রাজপুর-সোনারপুর পুরসভা অধীন,এবং তদস্থিত নির্মিত ভবন এবং নির্মাণ মোট বাণিজ্যিক দোকান/ স্পেস একতলায় এবং বসবাসের ইউনিট দোতলায়, স্বত্বাধিকারী শ্রী শ্রীকান্ত ঘোষ।	ক